গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বাঙলা কলেজ,ঢাকা
EIIN নম্বর ঃ 108210

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি (সংশোধিত) বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, সরকারি বাঙলা কলেজে বিভিন্ন শাখায় ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তির কার্যক্রম সম্পাদন করতে হবে ঃ

১. সরকারি বাঙলা কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ১৫/০৭/২০২৪খ্রি. তারিখ থেকে ২৪/০৭/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে চলবে।

| সকল গ্রুপের ভর্তি ফি |
|---|
| ৪,২৫৮/- |

২. ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য **১৫/০৭/২০২৪খ্রি. তারিখ থেকে ২৪/০৭/২০২৪খ্রি. তারিখ** এর মধ্যে সরকারি বাঙলা কলেজের ওয়েবসাইট **www.sarkaribanglacollege.gov.bd- বা https://sarkaribanglacollege.eshiksaems.com/** এ গিয়ে অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে হবে।

### <u>অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ঃ</u>

- সরকারি বাঙলা কলেজের ওয়েবসাইট **http:/ www.sarkaribanglacollege.gov.bd/** এ গিয়ে অনলাইন ভর্তি -- **ভর্তি ফরম ডাউনলোড** লিংকে ক্লিক করে অথবা **https://sarkaribanglacollege.eshiksaems.com/** সাইটে গিয়ে ভর্তি ফরম পূরণ করতে হবে।
- **User Name : bcstudent, Password : bcstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- **Sign In** করা পেইজে **Admission** বাটন ক্লিক করলে **Click for New Admission** বাটন আসবে।
- **Click for New Admission** বাটন ক্লিক করতে হবে।
- **Select Group, Select Department** বাটন ক্লিক করে **Science. Humanities** অথবা **Business Studies** থেকে নির্দিষ্ট বিভাগ সিলেক্ট করতে হবে এবং **Admission Roll** এর স্থলে **SSC Roll Number (6 Digit)** পূর্ণ করে **Check for Admission** বাটনে **Click** করলে ভর্তি ফরম **open** হবে। সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে এবং সাদা ড্রেজ পরিহিত সদ্য তোলা ১২০× ১৫০ সাইজের ছবি আপলোড করতে হবে। এই ছবিই রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করা হবে।
- **ফরম পূরণ করে Save এ ক্লিক করার পর টাকার পরিমাণসহ ভর্তির ফরম আসবে। এর পর শিক্ষার্থী বিকাশ/রকেট/নগদ/উপায় অ্যাপস এ আইডি (SSC Roll) দিয়ে নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাশ রোল পড়বে এবং অভিভাবকের মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।**
- **এরপর শিক্ষার্থীকে Application Form Reprint এ ক্লিক করে Admission Roll দিয়ে পূরণকৃত ভর্তির ফরম ডাউনলোড করে ভর্তি কমিটির কাছে জমা দিতে হবে।**

### বিকাশ/রকেট/নগদ/উপায়-এর মাধ্যমে টাকা জমাদানের বিস্তারিত নিয়মাবলী ঃ

ধাপ ১ : বিকাশ/রকেট/নগদ/উপায় **App** এ **Login** করতে হবে। ধাপ ২ : **Pay Bill** সিলেক্ট করতে হবে।
ধাপ ৩ : **Education (শিক্ষাপ্রতিষ্ঠান)** সিলেক্ট করতে হবে। ধাপ ৪ : **Govt. Bangla College** সিলেক্ট করতে হবে।
ধাপ ৫ : স্টুডেন্ট আইডি দিতে হবে (এসএসসি রোল নম্বর স্টুডেন্ট আইডি হিসেবে ব্যবহার করতে হবে)।

**৩. কোটায় ভর্তির ক্ষেত্রে ঃ**

শিক্ষার্থীকে স্বশরীরে কলেজের শিক্ষক পরিষদের কক্ষে ১৫/০৭/২০২৪ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টার মধ্যে) উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিল পূর্বক অনলাইনের মাধ্যমে টাকা জমা প্রদান করার অনুমোদন গ্রহণ করতে হবে। **মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে** (ক) সরকার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ ও গেজেটের কপি, (খ) বাবা/মায়ের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (গ) বাবা/মায়ের এসএসসি সনদের কপি অথবা জন্ম সনদের কপি (ঘ) ইউনিয়ন কাউন্সিল/মুক্তিযোদ্ধা কমাণ্ডার কর্তৃক মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি/নাতনি সম্পর্কের প্রত্যয়ন পত্র। শিক্ষা কোটার ক্ষেত্রে (ক) দপ্তর প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র, (খ) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং (গ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি দাখিল করতে হবে।

**৪. ভর্তির কাগজপত্র জমা দেয়ার নিয়মাবলী ঃ**

অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমটি ডাউনলোড করে দুই কপি শিক্ষার্থীর স্বাক্ষর ও **SMS** এ প্রাপ্ত ক্লাশ রোল ফরমের উপরে লিখে জমা দিবে। ফরমের সাথে সাদা ড্রেজ পরিহিত সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট ছবি ও **এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট** ও এসএসসির প্রশংসা পত্র এবং টাকা জমার পে-স্লিপের প্রিন্ট কপি A4 সাইজের ১টি খামে করে (খামের উপরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম. অভিভাবকের মোবাইল নম্বর, বিভাগ/গ্রুপের নাম, এসএসসি রোল নং লিখে) **প্রশাসন ভবনের ২য় তলায় শিক্ষক পরিষদে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী** ভর্তির কাগজপত্র জমা দিতে হবে। **"এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট (নম্বরপত্র) জমা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে"**।

| | | |
|---|---|---|
| মানবিক শাখা | ১৬/০৭/২০২৪ (মঙ্গলবার) | যোগাযোগ ০১৭৫২০৩৭৪৩১ |
| ব্যবসায় শিক্ষা শাখা | ২১/০৭/২০২৪ (রবিবার) = দুপুর ১: ৩০ মি. থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত | |
| বিজ্ঞান শাখা | ২২/০৭/২০২৪ (সোমবার) = সকাল ১০: ০০টা থেকে বেলা ২.০০টা পর্যন্ত | |
| সকল শাখা | ২৪/০৭/২০২৪ (বুধবার) = সকাল ১০: ০০টা থেকে বেলা ২.০০টা পর্যন্ত | |

- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে ১কপি রাখতে হবে।
- এসএসসির মূল ট্রান্সক্রিপ্ট(নম্বরপত্র) এবং এসএসসির প্রশংসাপত্রের পর্যাপ্ত পরিমান ফটোকপি নিজের সংগ্রহে রাখতে হবে।
- ভর্তির ১০(দশ) দিনের মধ্যে আইডি কার্ডের জন্য কলেজ ড্রেস পরিহিত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি নাম, ক্লাস রোল নং ও শাখা ছবির পিছনে লিখে শিক্ষক পরিষদে নিধারিত বাক্সে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর
১৮/৭/২০২৪
প্রফেসর এস. এস. আমিরুল ইসলাম
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা ।

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম
(আইডি নং-৮০৫০)
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা

১৮/৭/২৪
আহবায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি/২০২৪-২০২৫
সরকারি বাঙলা কলেজ, ঢাকা ।

# সরকারি বাঙলা কলেজ,ঢাকা

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির শাখা ভিত্তিক আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়সমূহ

ওয়েব সাইট ঠিকানাঃ-www.sarkaribanglacollege.gov.bd

**সরকারি বাঙলা কলেজের EIIN নম্বর : 108210**

| বিভাগ | আবশ্যিক বিষয়সমূহ | ১ম নৈর্বাচনী বিষয় | ২য় নৈর্বাচনী বিষয় | ৩য় বিষয় | ৪র্থ বিষয় |
|---|---|---|---|---|---|
| মানবিক | | পৌরনীতি ও সুশাসন (২৬৯-২৭০)<br>অথবা<br>অর্থনীতি (১০৯-১১০) | সমাজকর্ম (২৭১-২৭২)<br>অথবা<br>যুক্তিবিদ্যা (১২১-১২২)<br>অথবা<br>ভূগোল (১২৫-১২৬) | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭-২৬৮)<br>অথবা<br>ইতিহাস (৩০৪-৩০৫) | ইসলাম শিক্ষা (২৪৯-২৫০)<br>অথবা<br>কৃষি শিক্ষা (২৩৯-২৪০) |
| ব্যবসায় শিক্ষা | ১। বাংলা (১০১-১০২)<br>২। ইংরেজি(১০৭-১০৮)<br>৩। আইসিটি (২৭৫) | হিসাববিজ্ঞান(২৫৩-২৫৪) | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭-২৭৮) | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২-২৯৩)<br>অথবা<br>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬-২৮৭) | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২-২৯৩)<br>অথবা<br>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬-২৮৭) |
| বিজ্ঞান | | পদার্থবিজ্ঞান (১৭৪-১৭৫) | রসায়ন (১৭৬-১৭৭) | উচ্চতর গণিত(২৬৫-২৬৬)<br>অথবা<br>জীববিজ্ঞান (১৭৮-১৭৯) | উচ্চতর গণিত (২৬৫-২৬৬)<br>অথবা<br>জীববিজ্ঞান (১৭৮-১৭৯) |

## ড্রেস কোড (উচ্চ মাধ্যমিক শ্রেণির জন্য)

ছাত্র : ১। সাদা শার্টের (ফুল/হাফ) বাম পকেটের উপরে সরকারি বাঙলা কলেজের মনোগ্রাম।
২। নেভী ব্লু ফুল প্যান্ট, ৩। কালো জুতা, ৪। নেভী ব্লু সোয়েটার (শীতকালে)

ছাত্রী : ১। বাম হাতায় বাঙলা কলেজের মনোগ্রাম সম্বলিত সাদা রঙের কামিজ ও সালোয়ার।
২। সাদা ওড়না ও নেভী ব্লু বেল্ট ৩। কালো জুতা ৪। নেভী ব্লু কার্ডিগান (শীতকালে)

**বি. দ্র. : ভর্তির কাগজপত্র জমাদানের সময় কলেজ ব্যাগ, পকেট ব্যাজ, শোল্ডার ব্যাজ ও একাডেমিক ক্যালেণ্ডার সংগ্রহ করতে হবে।**

## শিক্ষার্থীদের পালনীয় নির্দেশনাসমূহ ও অভিভাবকবৃন্দের জ্ঞাতার্থে

১। উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদেরকে কলেজের নির্ধারিত ইউনিফর্ম পরে নিয়মিত ক্লাসে আসতে হবে এবং কলেজ কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। নির্ধারিত ইউনিফর্ম ছাড়া ক্লাসে প্রবেশ করা যাবে না।

২। পরপর তিন দিন বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে পরবর্তী ক্লাসে যোগদানের জন্য আহবায়ক, নিবিড় পর্যবেক্ষণ কমিটির নিকট থেকে যথাযথ কারণ দর্শানোর মাধ্যমে অনুমতি গ্রহণ করতে হবে।

৩। ব্যক্তিগতভাবে শ্রেণি কক্ষের এবং কলেজের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।

৪। ক্লাসে উপস্থিতি পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বিবেচনা করা হবে। সর্বাধিক উপস্থিত শিক্ষার্থীকে (সেকশন ভিত্তিতে) কলেজ কর্তৃক পুরস্কৃত করা হবে।

৫। শ্রেণি কক্ষে মোবাইল ফোন ব্যবহার করা যাবে না। কোন শিক্ষার্থী ইভটিজিং করলে বা ছাত্র-ছাত্রীদের শপথ ভঙ্গ করলে বা কলেজের শৃংখলা পরিপন্থি কোন কাজ করলে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনগত ব্যবস্থা নিবে।

৬। মোট অনুষ্ঠিত তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাসের মধ্যে কমপক্ষে ৭৫% উপস্থিত না থাকলে কোন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

৭। শ্রেণি পরীক্ষাসহ সকল পরীক্ষায় অবশ্যই অংশ নিতে হবে এবং উত্তীর্ণ হতে হবে। বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে দ্বাদশ শ্রেণিতে উন্নীত করা হবে না এবং নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে বোর্ডের নিয়ম অনুযায়ী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফরম পূরণের অনুমতি দেয়া হবে না।

৮। ক্লাস বিরতিকালীন যত্রতত্র বসে থাকা বা ঘোরা ফেরা না করে শিক্ষার্থীদের লাইব্রেরি অথবা কমন রুমে অবস্থান করতে হবে। এ বিষয়ে ভিজিলেন্স টিমের নির্দেশনাবলি মেনে চলতে হবে। এমনকি কলেজের বারান্দা বা অফিস কক্ষে অবস্থান করা যাবে না।

৯। শিক্ষার্থীদের কলেজের আচরণ বিধি মেনে চলতে হবে। বিধি লঙ্ঘনের দায়ে সর্বোচ্চ শাস্তি হিসেবে কলেজ থেকে বহিষ্কার করা হবে।

প্রতিস্বাক্ষর
18/7/2024
প্রফেসর এস. এস. আমিরুল ইসলাম
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা ।

১৮/৭/২৪
আহবায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি/২০২৪-২০২৫
সরকারি বাঙলা কলেজ, ঢাকা ।

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম
(আইডি নং-৮০৫০)
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বাঙলা কলেজ,ঢাকা
E-mail : govtbanglacollege6420@gmail.com

বিজ্ঞপ্তি নং-৩০/২৪

তারিখ ঃ ১৮-০৭-২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদের ব্যবসায় শিক্ষা শাখার অদ্য ১৮-০৭-২০২৪ খ্রি. তারিখের ভর্তি কার্যক্রম অনিবার্য কারণবশত: স্থগিত করা হলো। পরবর্তীতে ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| | | |
|---|---|---|
| ব্যবসায় শিক্ষা শাখা | ২১-০৭-২০২৪ (রবিবার) | দুপুর ১.৩০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত |
| বিজ্ঞান শাখা | ২২-০৭-২০২৪ (সোমবার) | সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |
| সকল শাখা | ২৪-০৭-২০২৪ (বুধবার) | সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত |

বি: দ্র: ভর্তির অন্যান্য কার্যক্রম অপরিবর্তিত থাকবে ।

**জরুরি প্রয়োজনে : ০১৭৫২০৩৭৪৩১**

১৮/৭/২০২৪

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম
(আইডি নং ৮০৫০)
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম
(আইডি নং-৮০৫০)
অধ্যক্ষ
সরকারি বাঙলা কলেজ, ঢাকা